



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৫৬১.২৩.১৯৫

তারিখ: ২ ভাদ্র ১৪৩০

১৭ আগস্ট ২০২৩

বিষয়: চলতি অভ্যন্তরীণ বোরো সংগ্রহ, ২০২৩ মৌসুমে ২.০০ (দুই) লাখ মে.টন সিদ্ধ চালের অতিরিক্ত বরাদ্দ প্রদান ও সংগ্রহের সময়সীমা বর্ধিতকরণ।

সূত্র: ১। খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.৪৩.৩৫.০০১.২৩.১০৩, তারিখ: ১৭.০৮.২০২৩ খ্রি।

২। খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.৪৩.৩৫.০০১.২৩.১০০, তারিখ: ১৩.০৮.২০২৩ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকদ্বয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত শর্তে ২,০০,০০০ (দুই লাখ) মে.টন চালের বিভাগভিত্তিক অতিরিক্ত বরাদ্দ প্রদান করা হলো:

বিভাগের নাম	চাহিত পরিমাণ (মে.টন)	বরাদ্দকৃত পরিমাণ (মে.টন)
রংপুর	৮৮,৮৩৬.৪৮	৫৩,২১৮
রাজশাহী	৪৭,৪৪০.৮৮১	২৮,৪২০
ঢাকা	২১,৭৭৬.৩	১৩,০৪৫
ময়মনসিংহ	৫১,৭৯২.৫৫	৩১,০২৬
বরিশাল	৭,৭০৪	৪,৬১৫
সিলেট	৬,১৬০	৩,৬৯০
খুলনা	৭৮,৮১৫.৯২	৪৭,২১৫
চট্টগ্রাম	৩১,৩৩৪.৩২	১৮,৭৭১
সর্বমোট=	৩,৩৩,৮৬০.৪৫১	২,০০,০০০

### শর্তসমূহ:

১। যে সকল মিল চলতি বোরো সংগ্রহ/২০২৩ মৌসুমে চুক্তির শতভাগ প্রতিপালন করেছে কেবল তাদের অনুকূলে অতিরিক্ত বরাদ্দ প্রদান করতে হবে;

২। আগে চুক্তি সম্পাদনকারী মিল আগে বরাদ্দ পাবে;

৩। চুক্তি শতভাগ প্রতিপালনকারী মিলসমূহ চলতি বোরো সংগ্রহ/২০২৩ মৌসুমে যে পরিমাণ চাল সরবরাহ করেছে তার বিপরীতে আনুপাতিক হারে নতুন বরাদ্দ প্রদান করতে হবে। খাদ্য অধিদপ্তরে প্রেরিত চুক্তি শতভাগ প্রতিপালনকারী মিলসমূহের তালিকা অনুযায়ী তাদের সরবরাহকৃত চালের পরিমাণের বিপরীতে আনুপাতিক হারে বরাদ্দ বিভাজন করতে হবে;

৪। চাল সংগ্রহের মেয়াদ আগামী ১৪.০৯.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো;

৫। সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটিকে অবহিত করে বরাদ্দ প্রদান করবেন;

৬। সকল ক্ষেত্রে চালের মান বিনির্দেশ সম্মত হতে হবে;

৭। কোনোক্রমেই মিলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতার অতিরিক্ত বরাদ্দ প্রদান করা যাবে না। চাল সংগ্রহের ক্ষেত্রে নীতিমালার অন্যান্য বিধানাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে;

৮। বরাদ্দকৃত পরিমাণের জেলা ও উপজেলাওয়ারি বিভাজন খাদ্য অধিদপ্তরের হিসাব ও অর্থ, সংগ্রহ ও এমআইএসএন্ডএম বিভাগে প্রেরণ করতে হবে;

অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ যথাযথ অনুসরণপূর্বক অতিরিক্ত প্রদানকৃত লক্ষ্যমাত্রার চাল বিনির্দেশ অনুযায়ী ক্রয়ের জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১৭-৮-২০২৩

রেজা মোহাম্মদ মহসিন

পরিচালক

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: dproc@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৫৬১.২৩.১৯৫/১(৮৮)

তারিখ: ২ ভাদ্র ১৪৩০

১৭ আগস্ট ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৩) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৪) বিভাগীয় কমিশনার (সকল)
- ৫) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৬) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য
- ৭) জেলা প্রশাসক (সকল)
- ৮) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৯) ব্যবস্থাপনা পরিচালক, সোনালী/অগ্রণী/জনতা/কৃষি/বিডিবিএল/রুপালী ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। সংশ্লিষ্ট শাখা ব্যাংক সমূহকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো
- ১০) অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ১১) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো
- ১২) অফিস কপি



১৭-৮-২০২৩

রেজা মোহাম্মদ মহসিন

পরিচালক